রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মে ২০, ২০২০**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮ বৈশাখ ১৪২৭/১১ মে ২০২০

নম্বর : ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১২১—গত ০২ মে ২০২০ তারিখে যুক্তরাজ্যভিত্তিক অর্থ ও বাণিজ্য-বিষয়ক বিখ্যাত সাময়িকী ‘দ্য ইকোনমিস্ট’ অর্থনৈতিক ভিত্তি ও আর্থিক ব্যবস্থাপনা বিবেচনায় কোভিড-১৯ করোনা ভাইরাস-উদ্ভূত পরিস্থিতিতে বিশ্বের কম ঝুঁকিতে থাকা উদীয়মান অর্থনীতির দেশের একটি তালিকা প্রকাশ করে। জিডিপি’র শতাংশ হিসাবে সরকারের ঋণ, বিদেশি ঋণ, ঋণের সুদ এবং রিজার্ভ – আর্থিক সক্ষমতার এই চারটি পারিমিতিক সূচক বিবেচনাক্রমে ইকোনোমিস্ট উক্ত তালিকা প্রকাশ করেছে।

২। বিশ্বের ৬৬টি দেশের উক্ত তালিকায় বাংলাদেশের অবস্থান নবম, যা ভারত ও চীনের তুলনায় অপেক্ষাকৃত ভাল। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে একমাত্র বাংলাদেশের নামই তুলনামূলক নিরাপদে থাকা দেশের তালিকার শীর্ষ দশে এসেছে। উল্লেখ্য, করোনা ভাইরাস সঙ্কটে তুলনামূলকভাবে নিরাপদ অবস্থায় থাকা শীর্ষ দশটি দেশ হল যথাক্রমে — বোতসোয়ানা, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, পেরু, রাশিয়া, ফিলিপিন্স, থাইল্যান্ড, সৌদি আরব, বাংলাদেশ ও চীন। ইকোনমিস্ট-এর বিচারে ঝুঁকির বিবেচনায় দক্ষিণ এশিয়ার দেশ ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কার চেয়ে ভালো অবস্থানে আছে বাংলাদেশ। ৬৬টি দেশের এই তালিকায় ভারত ১৮, পাকিস্তান ৪৩ এবং শ্রীলঙ্কা ৬১তম অবস্থানে রয়েছে।


**মূল্য :** টাকা ৮.০০

৩। ‘দ্য ইকোনমিস্ট’-এ প্রকাশিত করোনা ভাইরাস-উদ্ভূত পরিস্থিতিতে বিশ্বের কম ঝুঁকিতে থাকা উদীয়মান অর্থনীতির দেশের তালিকায় শীর্ষ দশে অবস্থানের কারণে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভার ২৪ বৈশাখ ১৪২৭/০৭ মে ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

# মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৪ বৈশাখ ১৪২৭ / ০৭ মে ২০২০

গত ০২ মে ২০২০ তারিখে যুক্তরাজ্যভিত্তিক অর্থ ও বাণিজ্য-বিষয়ক বিখ্যাত সাময়িকী ‘দ্য ইকোনমিস্ট’ অর্থনৈতিক ভিত্তি ও আর্থিক ব্যবস্থাপনা বিবেচনায় কোভিড-১৯ করোনা ভাইরাস-উদ্ভূত পরিস্থিতিতে বিশ্বের কম ঝুঁকিতে থাকা উদীয়মান অর্থনীতির দেশের একটি তালিকা প্রকাশ করে। জিডিপি’র শতাংশ হিসাবে সরকারের ঋণ, বিদেশি ঋণ, ঋণের সুদ এবং রিজার্ভ – আর্থিক সক্ষমতার এই চারটি পারিমিতিক সূচক বিবেচনাক্রমে ইকোনোমিস্ট উক্ত তালিকা প্রকাশ করেছে।

বিশ্বের ৬৬টি দেশের উক্ত তালিকায় বাংলাদেশের অবস্থান নবম, যা ভারত ও চীনের তুলনায় অপেক্ষাকৃত ভাল। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে একমাত্র বাংলাদেশের নামই তুলনামূলক নিরাপদে থাকা দেশের তালিকার শীর্ষ দশে এসেছে। উল্লেখ্য, করোনা ভাইরাস সঙ্কটে তুলনামূলকভাবে নিরাপদ অবস্থায় থাকা শীর্ষ দশটি দেশ হল যথাক্রমে— বোতসোয়ানা, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, পেরু, রাশিয়া, ফিলিপিন্স, থাইল্যান্ড, সৌদি আরব, বাংলাদেশ ও চীন। ইকোনমিস্ট-এর বিচারে ঝুঁকির বিবেচনায় দক্ষিণ এশিয়ার দেশ ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কার চেয়ে ভালো অবস্থানে আছে বাংলাদেশ। ৬৬টি দেশের এই তালিকায় ভারত ১৮, পাকিস্তান ৪৩ এবং শ্রীলঙ্কা ৬১তম অবস্থানে রয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দূরদর্শী নেতৃত্ব ও প্রাজ্ঞ দিক্-নির্দেশনার মধ্য দিয়ে দেশের অর্থনীতিকে সুপরিকল্পিতভাবে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তাঁর কর্মপরিকল্পনার অংশ হিসাবে বিভিন্ন গণমুখী উন্নয়ন-প্রকল্প গ্রহণ, বহুসংখ্যক অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ, কৃষি ও শিল্প খাতের সম্প্রসারণ, সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন, গণমুখী রাজস্ব নীতি গ্রহণ ও দেশি-বিদেশি বিনিয়োগের সুযোগ সৃষ্টির মধ্য দিয়ে দেশের অর্থনৈতিক অবস্থার প্রভূত উন্নয়ন ও স্থিতিশীলতা নিশ্চিত হয়েছে। সরকারের সকল সামষ্টিক অর্থনৈতিক নীতিমালা ও সঠিক উন্নয়ন অগ্রাধিকার সাজুয্যতায় দেশের জিডিপি বৃদ্ধির ধারাবাহিকতা সুসংহত পর্যায়ে রয়েছে। ফলে, দেশের জনগণের সামগ্রিক জীবনমান ও জীবন-কুশলতা বৃদ্ধি এবং দেশের ব্যবসা-বাণিজ্য, আমদানি-রপ্তানি, বিনিয়োগ, অবকাঠামোসহ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে অভূতপূর্ব ও দৃশ্যমান সাফল্য অর্জন সম্ভব হয়েছে, যা আজ সারা বিশ্বে ব্যাপকভাবে প্রশংসিত ও সমাদৃত।

নোভেল করোনা-উদ্ভূত পরিস্থিতিতেও আসন্ন অর্থনৈতিক সংকট মোকাবেলার উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দূরদর্শিতার সঙ্গে প্রায়োগিক পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি আবশ্যকীয় নিরাপত্তা বজায় রেখে কৃষি ও রপ্তানি পণ্যের উৎপাদন, ক্ষুদ্র ও মাঝারি মানের ব্যবসা-পরিচালন অব্যাহত রাখা এবং শিল্প ও বাণিজ্য খাতে বিপুল আর্থিক প্রণোদনা প্রদানের মাধ্যমে দেশের অর্থনীতিকে সচল রাখছেন।

মন্ত্রিসভা মনে করে যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাজ্ঞ ও সুদক্ষ নেতৃত্বের ফলে যুক্তরাজ্যের খ্যাতিসম্পন্ন ও প্রভাবশালী সাময়িকী 'দ্য ইকোনমিস্ট'-এ প্রকাশিত করোনা ভাইরাস সংকটে বিশ্বের কম ঝুঁকিতে থাকা উদীয়মান অর্থনীতির দেশের তালিকায় বাংলাদেশ নবম স্থান অর্জন করতে সক্ষম হয়েছে।

এ সম্মান বাংলাদেশের, এ সম্মান সমগ্র বাঙালি জাতির। এ অর্জন আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এই প্রেক্ষাপটে যুক্তরাজ্যের খ্যাতিসম্পন্ন ও প্রভাবশালী সাময়িকী 'দ্য ইকোনমিস্ট'-এ প্রকাশিত করোনা ভাইরাস-উদ্ভূত পরিস্থিতিতে বিশ্বের কম ঝুঁকিতে থাকা উদীয়মান অর্থনীতির দেশের তালিকায় শীর্ষ দশে অবস্থান বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd